গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
বরিশাল
www.barisal.police.gov.bd

স্মারক নং পুঃ অঃ বরিঃ(গোপনীয়)/ ২৪৫৯ তারিখঃ-২৫/০৯/২০১৮খ্রিঃ।

প্রতি

এআইজি (এনসিবি)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

বিষয়ঃ সূত্রোক্ত মামলার আসামীদের ভারত থেকে গ্রেফতারপূর্বক বাংলাদেশে ফিরিয়ে আনা প্রসংগে।

সূত্রঃ উজিরপুর মডেল থানার মামলা নং-১৮, তারিখ-২১/০৯/২০১৮ ইং, ধারা-৩২৬/৩০৭/৩০২/৩৪/১০৯ পিসিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার উজিরপুর মডেল থানার মামলা নং-১৮, তারিখ-২১/০৯/২০১৮ ইং, ধারা-৩২৬/৩০৭/৩০২/৩৪/১০৯ দঃ বিঃ এর এজাহারনামীয় ২ নং আসামী শাকিল আহম্মেদ রাব্বী(২৫), পিং-মোঃ সেলিম হাওলাদার, ৫ নং আসামী মোঃ মামুন শাহ (৩৫), পিং-মোঃ আনিচ শাহ, উভয় সাং-জল্লা, থানা-উজিরপুর, ২৬ নং আসামী মোঃ কাওসার সেরনিয়াবাদ (৪৫), পিং-মোঃ ইদ্রিস সেরনিয়াবাদ, সাং-সেরাল, থানা-আগৈলঝাড়া, সর্বজেলা-বরিশাল। গত ২১/০৯/২০১৮ খ্রিঃ রাত্র অনুমান ২০.৪০ ঘটিকার সময় উজিরপুর থানার জল্লা ইউনিয়নের বর্তমান চেয়াম্যান শ্রী বিশ্বজিৎ হালদার নান্টুকে উক্ত আসামীগণ সহ অন্যান্য আসামীরা পরস্পর যোগসাজোসে পূর্ব পরিকল্পিতভাবে গুলি করে হত্যা করে। প্রাথমিক তদন্তে জানা যায় যে, উপরোল্লেখিত আসামীগণ বর্তমানে শেখর, পিং-ধীরেন্দ্রনাথ চৌধুরী স্থান-কল্যাণী কাঠালতলা, থানা-কল্যাণী, জেলা-নদীয়া এর সহযোগীতায় বাংলাদেশের থেকে পালিয়ে তার শ্যালক নরোত্তম, স্থান-গুমা প্রমোত নগর, থানা-অশ্বথ নগর, জেলা-উত্তর চব্বিশ পরগনা এর নিকট আশ্রায় গ্রহন করে। উল্লেখ্য শেখরের ভারতীয় মোবাইল নম্বর-০০৯১৮৭৭৭০৫২৯০২ এবং বাংলাদেশী মোবাইল নম্বর ০১৭২৪-৭০২৯৩৯ বলে জানা যায়।

এমতাবস্থায়, উক্ত মামলার মূল রহস্য উদঘাটনসহ মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে আসামীদেরকে গ্রেফতারপূর্বক বাংলাদেশে আনার প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ- ১। এজাহারের কপি
২। উল্লেখিত আসামী এবং আশ্রয়দাতার ছবি।

(আবুল বাশার)
বিপি-৯০১৩১৫৯৪২৬
সিনিয়র সহকারী পুলিশ সুপার (সদর)
পক্ষে-পুলিশ সুপার, বরিশাল।